



## ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়  
১, কাওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা।

সামগ্রী ভাড়াই টিসিবি  
অডিটরিয়াম ব্যবহার করুন  
মোবঃ ০১৭৮৬-২৭১৩০০

নং-২৬.০৫.২৬.৯০.০২২.১১.৩৩১.১৭/৮৮৮

তারিখ: ০৭-০৩-২০১৭খ্রি:

### টিসিবি'র হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদার নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য টিসিবি'র নিম্নোক্ত আঞ্চলিক কার্যালয়ের হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদার নিয়োগের জন্য প্রকৃত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ঠিকাদারের ধরণ, দরপত্র গ্রহণ, খোলার তারিখ ও সময় এবং দরপত্রের সাথে প্রদেয় দরপত্র জামানতের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	ঠিকাদারের ধরণ	দরপত্র গ্রহণের তারিখ ও সর্বশেষ সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র জামানতের পরিমাণ
০১.	টিসিবি আঞ্চলিক কার্যালয়, রাজশাহীর হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদার	তাং ২৮-০৩-২০১৭ সকাল ১১.০০ টা পর্যন্ত	তাং ২৮-০৩-২০১৭ সকাল ১১.১৫ টা	টঃ ১,৫০০/	টঃ ৩০,০০০/-
০২.	টিসিবি আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজারের হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদার	-ঐ-	-ঐ-	টঃ ১,৫০০/	টঃ ৩০,০০০/-
০৩.	টিসিবি আঞ্চলিক কার্যালয়, বরিশালের হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদার	-ঐ-	-ঐ-	টঃ ১,৫০০/	টঃ ৩০,০০০/-

(১) দরপত্র সিডিউল সোনালী ব্যাংক লিঃ, টিসিবি ভবন, ১, কাওরান বাজার শাখা, ঢাকা এবং টিসিবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্য (অফেরত যোগ্য) পরিশোধ সাপেক্ষে ক্রয় করা যাবে।


(২) দরপত্র উপরের ছকে বর্ণিত নির্ধারিত সময় পর্যন্ত টিসিবি প্রধান কার্যালয়, ১, কাওরান বাজার, ঢাকা এর অভ্যর্থনা কক্ষ (তৃতীয় তলায়) রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।

(৩) দরপত্র সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরণকরতঃ দরপত্র সিডিউলের ছকে দর উদ্ধৃতকরণসহ দরপত্র সিডিউলে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে দরদাতার নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে সীলমোহরকৃত খামের উপরিভাগে হ্যান্ডলিং ও পরিবহণ ঠিকাদারী কাজের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করে দরপত্র দাখিল করতে হবে।

(৪) দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে “ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ” এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রতিটি দরপত্রের জন্য পৃথক পৃথকভাবে ছকে বর্ণিত পরিমাণ দরপত্র জামানত (আর্নেস্ট মানি) সংযুক্ত করতে হবে।

(৫) দরপত্রে কোনরূপ কাটাকাটি/ ঘষামাজা করা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৬) টিসিবি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার এবং এক বা একাধিক ঠিকাদার নিয়োগের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
০৭-০৩-২০১৭  
(মোঃ শাহাবুদ্দিন)  
প্রধান কর্মকর্তা(সিএমএস ও বিওবি)